গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জুলাই-নভেম্বর, ২০২২ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বেগম মন্নুজান সুফিয়ান<br>প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ২২ ডিসেম্বর, ২০২২ বৃহস্পতিবার |
| সভার সময় | দুপুর ০২.৩০ ঘটিকা। |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়) এবং ডিজিটাল প্লাটফর্ম (জুম) |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। তিনি চলমান ২০২১-২২ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের কার্যক্রম ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে প্রকল্পসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান। এ পর্যায়ে সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৪) সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ০৪টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৩টি বিনিয়োগ ও ০১টি কারিগরি সহায়তা প্রকল্প)। প্রকল্প সমূহের অনুকূলে মোট ১৫৮০০.০০ লক্ষ (জিওবি ১৩০০০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ২৮০০.০০ লক্ষ) টাকা এডিপি বরাদ্দ রয়েছে। এডিপি বরাদ্দের বিপরীতে জুলাই-নভেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৫৯৪১.৪৯ লক্ষ (জিওবি ৪৮৭৪.৯০ লক্ষ ও প্রকল্প সাহায্য ১০৬৬.৫৯ লক্ষ) টাকা, যা বরাদ্দের ৪৬.৭৪% (জিওবি ৪৯.১৮% ও প্রকল্প সাহায্য ৩৮.১০%)। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৪), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন।

**০২.প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতি:**

সভায় চলমান প্রকল্পসমূহের ভৌত ও আর্থিক অগ্রগতি উপস্থাপন করা হয়।

**২.১ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প:**

উপসচিব (পরিকল্পনা) সভায় জানান যে, প্রকল্পটি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা এবং ২০২২-২৩ অর্থ বছরে এডিপি-তে ৮০০০.০০ লক্ষ (ক্যাটাগরি-বি হওয়ায় ২৫% উপযোজিত হয়ে ৬০০০.০০ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে জুলাই-নভেম্বর, ২০২২ পর্যন্ত অবমুক্তি ৪৫০০.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ৪৩০৭.৬৮ লক্ষ টাকা যা বরাদ্দের ৭১.৮০%। প্রকল্পটির নভেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১০০১৯.৬২ লক্ষ টাকা (আর্থিক: ৩৫.২২%, ভৌত: ৫০%)। সভায় প্রকল্পটি “বি” ক্যাটাগরি হতে “এ” ক্যাটাগরিতে নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পটি “বি” ক্যাটাগরি হতে “এ” ক্যাটাগরিতে স্থানান্তরের লক্ষ্যে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যহত রাখার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে সভায় প্রকল্পটির ৬ষ্ঠ পিএসসি সভা আগামী ২৯/১২/২০২২ তারিখ আহ্বান করার বিষয়ে আলোকপাত করা হয়। উল্লেখ্য, প্রকল্পটির ৬ষ্ঠ পিআইসি সভা গত ২৮/১১/২০২২ তারিখ এবং ৫ম পিএসসি সভা ২১/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়।

**২.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটি “বি” ক্যাটাগরি হতে “এ” ক্যাটাগরিতে নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খ. ক্যাটাগরি পরিবর্তনের জন্য অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যহত রাখার করতে হবে;

গ. প্রকল্পটির ৬ষ্ঠ পিএসসি সভা আগামী ২৯/১২/২০২২ তারিখ আহ্বান করা হবে এবং

ঘ. পিআইসি ও পিএসসি সভাসমূহ নিয়মিত আয়োজন করতে হবে।

**বাস্তবায়ন: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রকল্প পরিচালক।**

৩.২ Fesibility Study on the proposed project for Elimination & Rehabilitaion of Child Labour প্রকল্প:

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি ফেব্রুয়ারি ২০২২ হতে জানুয়ারি ২০২৩ মেয়াদে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩১০.০০ লক্ষ টাকা এবং ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পটির অনুকূলে কোন অর্থ বরাদ্দ হয়নি। প্রকল্পটি বিভিন্ন প্রতিষ্ঠান এর মাধ্যমে মূল্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে বিশেষভাবে BIDS এর মাধ্যমে মূল্যায়নের বিষয়টি বিবেচনা করা যেতে পারে মর্মে সভায় আলোকপাত করা হয়।

**৩.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটি বিভিন্ন প্রতিষ্ঠান অথবা BIDS এর মাধ্যমে মূল্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

খ. প্রকল্পটির কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।

**বাস্তবায়ন:** জনাব মোঃ আব্দুল কাদের, প্রকল্প পরিচালক, উপসচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

**৩.৩ তৈরি পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প:**

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৪৮১৬.১৫ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরে এডিপিতে ২৮০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে জুলাই-নভেম্বর, ২০২২ পর্যন্ত ১০৬৬.৫৯ লক্ষ টাকা অর্থছাড় এবং ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৩৮.১০%। প্রকল্পটির নভেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ১৭৭৪৪.২৩ লক্ষ টাকা। প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৭১.৫১%। সভায় প্রকল্পের ৬ষ্ঠ পিএসসি সভা আগামী ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে আহ্বান এবং প্রকল্পের ক্রয় এবং কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম নির্ধারিত মেয়াদে সমাপ্ত করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। নির্ধারিত সভাসমূহ সঠিকভাবে আয়োজিত হচ্ছে কিনা তা সভায় জানতে চাওয়া হয়। আইএলও প্রতিনিধি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী সভা আহ্বান করা হবে এবং আগামী জুন, ২০২৩ এর মধ্যে প্রকল্পটি সমাপ্ত করা হবে।

**৩.৩.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের ৬ষ্ঠ পিএসসি সভা আগামী ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে আহ্বান করতে হবে এবং

খ. কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প কাজ নির্ধারিত সময়ে অর্থাৎ জুন, ২০২৩ এ সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে

**বাস্তবায়ন: আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ ও আইএলও এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।**

**৩.৪ রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম সংশোধনী):**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৭ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যাণ সংস্থা (এসকেএস) কর্তৃক বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬১৬৯.০১ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে আরএডিপি-তে ১১৬৭.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। বরাদ্দের বিপরীতে জুন, ২০২২ পর্যন্ত ১১৬৭.০০ লক্ষ টাকা অর্থ অবমুক্ত এবং ৯৬৪.০৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ৮২.৬১%। প্রকল্পটির জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৫৯৬৫.৯৫ লক্ষ টাকা (আর্থিক: ৯৬.৭১% ও ভৌত: ৯৬%)। প্রকল্পটির মেয়াদ জুন, ২০২২ এ সমাপ্ত হয়েছে।

প্রকল্প্র কার্যক্রম সমাপ্তির বিষয়ে কিছু কিছু ক্ষেত্রে প্রত্যাশী সংস্থা তথা শ্রম অদিদপ্তর এবং ঠিকাদারী প্রতিষ্ঠান তথা সেনা কল্যাণ সংস্থা এর মধ্যে সমন্বয়ের ঘাটতি রয়েছে মর্মে আলোচনা হয়। এ বিষয়ে কার্যকরী আন্তঃ যোগাযোগ আরো বাড়াতে হবে বলে মাননীয় প্রতিমন্ত্রী এবং সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।

**৩.৪.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির পিসিআর সংক্রান্ত কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে।

খ.কার্যকরী আন্তঃ যোগাযোগ বাড়ানোর মাধ্যমে কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।

**বাস্তবায়ন: শ্রম অধিদপ্তর (উন্নয়ন শাখা) ও সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.৫ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন** প্রকল্প:

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৪৪৫০.০০ লক্ষ টাকা এবং ২০২২-২৩ অর্থ বছরে এডিপিতে ৪৩৫০.০০ লক্ষ (ক্যাটাগরি-বি হওয়ায় ২৫% উপযোজিত হয়ে ৩২৬২.৫০ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। তার বিপরীতে জুলাই-নভেম্বর, ২০২২ পর্যন্ত ১৬৩১.২৫ লক্ষ টাকা অবমুক্ত এবং ৫৬৭.২২ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ১৭.৪০%। প্রকল্পটির নভেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২২৩১.৬৭ লক্ষ টাকা। ভূমি অধিগ্রহণের কাজ তরান্বিত করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে ভূমি অধিগ্রহণের কাজে অধিকতর অগ্রগতি অর্জনের প্রচেষ্টা অব্যহত রাখার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। প্রকল্পটির মেয়াদ আগামী ডিসেম্বর ২০২২ সমাপ্তির জন্য নির্ধারিত থাকায় দ্রুত ডিপিপি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে প্রকল্পটির অনুকূলে জনবল নিয়োগ দেয়ার বিষয়ে সভায় আলোকপাত প্রদান করা হয়।

প্রকল্পটি ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে সমাপ্য হওয়ায়, প্রকল্পটির প্রায় ২২ (বাইশ) কোটি টাকা অব্যয়িত থেকে যাবে যা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে চলমান ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন প্রকল্প (৪র্থ পর্যায়) এর অনুকূলে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।

৩.৫.১ সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ধরে রাখার স্বার্থে ভূমি অধিগ্রহণের কাজে অধিকতর অগ্রগতি অর্জনের প্রচেষ্টা অব্যহত রাখতে এবং

খ. প্রকল্পটির ডিপিপি দ্রুত সংশোধন এবং প্রকল্পটির অনুকূলে জনবল নিয়োগ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ. প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণসহ অব্যয়িত ২২ কোটি টাকা ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন প্রকল্প (৪র্থ পর্যায়) স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট কমিটি ।

**৩.৬ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৪১২৫.০৮ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে আরএডিপিতে ৫৩৬৮.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এ বরাদ্দের বিপরীতে জুন, ২০২২ পর্যন্ত কোন অর্থ ছাড় ৫৩৬৮.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ১৫৬০.০০ লক্ষ টাকা। প্রকল্পটির জুন, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭৩৪৪.৫১ লক্ষ টাকা। সভায় জানানো হয় যে, প্রকল্পটি কিছু কাজ সমাপ্ত রয়েছে এবং দ্রুত তা সমাপ্ত করার কার্যক্রম চলমান রয়েছে। সে প্রেক্ষিতে, প্রকল্পটির অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করা এবং সমাপ্তিপূর্বক প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রেরণের জন্য সভায় আলোকপাত করা হয়।

**৩.৬.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে এবং

খ. প্রকল্প সমাপ্তিপূর্বক দ্রুত পিসিআর প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.৭** বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) প্রকল্প:

সভায় জানানো হয় প্রকল্পটি ফেব্রুয়ারি ২০২২ হতে জানুয়ারি ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৩৬৭.৫৭ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থ বছরে এডিপি-তে ১৭০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে জুলাই-নভেম্বর, ২০২২ পর্যন্ত ১৭০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ০.০০%। প্রকল্পটির আইবাস++ এ কোড খোলা এবং সফটওয়্যার এবং ডাটাবেজের জন্য ৩৮টি short list তৈরির বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**৩.৭.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির আইবাস++ এ কোড খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

খ. প্রকল্পটির কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।

**০৪।** এ মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পসমূহ নিম্নরূপ:

ক) ০৬টি জেলা কার্যালয় পুনর্নির্মাণ প্রকল্প।

খ) ঘাগড়া হোস্টেল নির্মাণ প্রকল্প।

গ) নারায়নগঞ্জ বন্দর ও চট্টগ্রামের কালুর ঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল নির্মাণ প্রকল্প।

**৪.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত প্রেরণ করতে হবে ।

০৫. বিবিধঃ সভায় এ পর্যায়ে নিম্নউল্লেখিত বিষয়সমূহ সর্ম্পকে আলোচনা হয়।

ক. টঙ্গী শ্রম কল্যাণ কেন্দ্রের পুর্ননির্মান ও আধুনিকায়ন শীর্ষক প্রকল্প।

**ক সিদ্ধান্ত:** পরিকল্পনা বিভাগ থেকে প্রাপ্ত মতামত অনুযায়ী দ্রুত ডিপিপি সংশোধনপূর্বক প্রেরণ করতে হবে।

খ. শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুবসমাজকে দক্ষ শিল্প শ্রমিকে রুপান্তর প্রকল্প।

**খ সিদ্ধান্ত: প্রকল্পটির কাজ দ্রুত সমাপ্ত করতে হবে ।**

গ. ০৯ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি সংক্রান্ত।

**গ সিদ্ধান্ত:** প্রকল্পটির জমি অধিগ্রহণের জন্য আলাদা প্রকল্পের ডিপিপি প্রেরণ করতে হবে।

ঘ. দুর্ঘটনা হ্রাসকরণে নির্বাচিত কারখানার ঝুঁকি নিরুপণ ও সংস্কার বাস্তবায়ন শীর্ষক প্রকল্প।

**ঘ সিদ্ধান্ত:** প্রকল্পটির ডিপিপি প্রেরণ করতে হবে।

ঙ. AMS সফটওয়্যারে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ অন্যান্য তথ্যাবলির হালনাগাদ করন।

**ঙ সিদ্ধান্ত:** AMS সফটওয়্যারে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ অন্যান্য তথ্যাবলি যথাসময়ে হালনাগাদ করতে হবে।

চ. শুদ্ধাচার প্রতিবেদন সংক্রান্ত আলোচনা।

**চ সিদ্ধান্ত:** শুদ্ধাচার সঠিকভাবে প্রতিপালন করতে হবে; নিয়মিত সভা আয়োজন করতে হবে এবং প্রতিবেদন প্রেরণ করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

বেগম মন্নুজান সুফিয়ান
প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৯.১৪.০০২.২১.৪

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯
১৫ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

৪) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন।

৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।

৬) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।

৭) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১০) অতিরিক্ত সচিব (আইও), রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

১২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

১৩) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।

১৪) প্রকল্প পরিচালক, বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৬) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

১৭) প্রকল্প পরিচালক, বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) শীর্ষক প্রকল্প, ঢাকা।

১৮) প্রকল্প পরিচালক, Feasibility Study on the proposed project for Elimination& Rehabilitation of child Labour, ঢাকা।

১৯) উপ- প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

২০) জনাব, মোঃ মাসুম আখতার জামান, সেনা কল্যাণ সংস্থা (এসকেএস), মহাখালী, ঢাকা।

২১) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।

২২) প্রকল্প পরিচালক, রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম সংশোধনী), ঢাকা।


২৩) প্রকল্প পরিচালক, "নারায়ণগঞ্জ বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে শ্রমজীবী মহিলা হোস্টেল ও ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)" ঢাকা।

২৪) প্রকল্প পরিচালক, তৈরি পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন (২য় পর্যায়), ঢাকা।

২৫) Mr. Masumul Alam, Program Officer (OSH), ILO Head office , Dhaka.

২৬) জনাব আফরোজা বেগম, সিএএফও , সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।



এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী
সিনিয়র সহকারী সচিব